জেলা পরিষদ
ময়মনসিংহ
www.zpmymensingh.org.bd

স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০১.৪৬.০০২.১৭-৩৪৪

তারিখ: ০৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

## গাছ বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি/২০২৬

স্থানীয় সরকার বিভাগ হতে সদর ডাকবাংলো নতুন ভবন নির্মাণ কাজের এলজিইডি কর্তৃক যাচাইকৃত ড্রইং, ডিজাইন ও প্রাক্কলন ১৮/০২/২০২৪ খ্রি. তারিখের ২৫২ নং স্মারকমূলে অনুমোদন পাওয়া যায়। জেলা পরিষদের কাশিকিশোর স্টাফ কোয়ার্টারে আধুনিক ১০ (দশ) তলা বিশিষ্ট কোয়ার্টার নির্মাণ প্রকল্পের এলজিইডি কর্তৃক যাচাইকৃত ড্রইং, ডিজাইন ও প্রাক্কলন ১৬/০২/২০২৫ খ্রি. তারিখের ২২৭ নং স্মারকমূলে অনুমোদন পাওয়া যায় ও ফুলপুর উপজেলায় আধুনিক ডাকবাংলো নির্মাণ প্রকল্পের এলজিইডি কর্তৃক যাচাইকৃত ড্রইং, ডিজাইন ও প্রাক্কলন ১৪/০৫/২০২৪ খ্রি. তারিখের ৫৮২ নং স্মারকমূলে অনুমোদন পাওয়া যায়। উক্ত প্রকল্প স্থানগুলোতে বিদ্যমান গাছ অপসারণ বিষয়ে বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ মহোদয়ের ১৪/০৭/২০২৬ খ্রি. তারিখের ০৫.৪৫.০০০০.০১৫.৯৯.০০৫.১৭-২২০ নং স্মারকে অনুমোদন পাওয়া যায়। উক্ত উন্নয়ন প্রকল্প নির্মাণ স্থানগুলোতে বিদ্যমান ও খাড়া গাছ ক্রয়ে ইচ্ছুক প্রকৃত কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরযুক্ত আবদ্ধ খামে ১ম থেকে ৩য় পর্যায়ের দরপত্র আহবান করা যাচ্ছে।

| গাছের অবস্থান | প্যাকেজ নং | গাছের সংখ্যা | গাছের প্রজাতি | সম্ভাব্য সরকারী মূল্য (ভ্যাট ও আয়কর বাদে) |
|---|---|---|---|---|
| সদর ডাকবাংলো নতুন ভবন নির্মাণ স্থান (কোতোয়ালী থানার বিপরীতে) | (১) সদর ডাকবাংলো | ২১ (একুশ) টি | বিভিন্ন প্রজাতি | ৯০,৭৪৯/- |
| কাশিকিশোর স্টাফ কোয়ার্টারের নতুন ভবন নির্মাণ স্থান (টাউনহলের বিপরীতে) | (২) কাশিকিশোর স্টাফ কোয়ার্টার | ০৭ (সাত) টি | বিভিন্ন প্রজাতি | ৯,৪৮৩/- |
| ফুলপুর নতুন ডাকবাংলো নির্মাণ স্থান (ফুলপুর পুরাতন ডাকবাংলোর উত্তর পার্শ্বে) | (৩) ফুলপুর ডাকবাংলো | ২৪ (চব্বিশ) টি | বিভিন্ন প্রজাতি | ৫০,২৯৪/- |

(ক) দরপত্র সিডিউলের মূল্য: প্রতি প্যাকেজ ১,০০০/-(এক হাজার) টাকা (অফেরৎযোগ্য)।
(খ) দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থান: জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ ও জেলা পরিষদ কার্যালয়, ময়মনসিংহ।
(গ) নিম্ন ঘোষিত যেকোন পর্যায়ে প্রত্যাশিত দর পাওয়া গেলে পরবর্তী পর্যায়ে সংশ্লিষ্ট প্যাকেজ এর সিডিউল আর বিক্রয় করা হবে না।

| পর্যায় | সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ১২/০৮/২৬খ্রি. বিকাল ৪.০০টা | ১৩/০৮/২৬খ্রি. দুপুর ১.০০টা | ১৩/০৮/২৬খ্রি. বিকাল ২.০০টা |
| ২য় | ১৯/০৮/২৬খ্রি. বিকাল ৪.০০টা | ২০/০৮/২৬খ্রি. দুপুর ১.০০টা | ২০/০৮/২৬খ্রি. বিকাল ২.০০টা |
| ৩য় | ৩০/০৮/২৬খ্রি. বিকাল ৪.০০টা | ৩১/০৮/২৬খ্রি. দুপুর ১.০০টা | ৩১/০৮/২৬খ্রি. বিকাল ২.০০টা |

### শর্তাবলি

০১। দরপত্রে উদ্বৃত্ত দরের সাকুল্য টাকা **প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ**-এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার আকারে দরপত্রের সহিত দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
০২। দরপত্র দাতাকে উদ্ধৃত দরের উপর বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ১০% আয়করের টাকা দরপত্রের সহিত দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
০৩। দরপত্রের সহিত হালনাগাদ ব্যবসায়িক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, ভ্যাট ও আয়কর সনদপত্র দাখিল করতে হবে।
০৪। দরপত্রে কোন অসঙ্গতি/অস্পষ্ট বা লিখার উপর কাটাকাটি, ঘষামাজা দরপত্র বাতিল বলে গণ্য হবে।
০৫। দরপত্র গৃহীত হলে গাছ কর্তনের পর বন বিভাগের সংশ্লিষ্ট দপ্তর হতে বনজদ্রব্যের "পাশ হাতুরীর ছাপ" এবং কর্তনকৃত বনজদ্রব্য পরিবহণের জন্য "বনজদ্রব্য পরিবহণ পাশ" গ্রহণ করতে হবে।
০৬। দরপত্র দাতা কর্তৃক দাখিলকৃত দর গৃহীত হওয়ার পর গাছ নিজ খরচে কর্তন পূর্বক ১৫(পনের)দিনের মধ্যে উক্ত স্থান হতে নিরাপদ দূরত্বে সরিয়ে নিতে হবে। এতে ব্যর্থ হলে উদ্ধৃত দরের সাকুল্য টাকা বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল করা হবে।
০৭। সরেজমিনে বর্ণিত গাছ পরিদর্শন করে দর দাখিল করতে হবে। পরবর্তীতে কোন অভিযোগ গ্রহণযোগ্য নয়।
০৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
০৯। যেকোন অস্পষ্টতায় ও উদ্ভূত পরিস্থিতিতে প্রচলিত বিধি অনুসরণ করা হবে।

১৯/০৭/২০২৬

(শাহ্ মোঃ কামরুল হুদা)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ ময়মনসিংহ
০২৯৯৬৬-৬৫৮৬৪(অফিস)
ceozpmym@gmail.com

স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০১.৪৬.০০২.১৭-৩৪৪/১(২০)

তারিখ: ০৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

অনুলিপি: সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

০৪। পুলিশ সুপার, ময়মনসিংহ।

০৫। প্রশাসক, জেলা পরিষদ, ময়মনসিংহ।

০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ।

০৭। বিভাগীয় বন কর্মকর্তা, ময়মনসিংহ বন বিভাগ, ময়মনসিংহ।

০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর/ফুলপুর, ময়মনসিংহ।

(০৩–০৮: তাঁর দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)

০৯। সম্পাদক, দৈনিক দিনকাল, ঢাকা/ দৈনিক সবুজ, ময়মনসিংহ। উল্লিখিত বিজ্ঞপ্তিটি আগামী ২১ জুলাই ২০২৬ তারিখের মধ্যে আপনার পত্রিকায় ভিতরের পাতায় ০৭ (সাত) ইঞ্চি ০৩ (তিন) কলাম আকারে প্রকাশ ও প্রচার করে ০২ (দুই) কপি পত্রিকাসহ বিল দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।

১০। নোটিশ বোর্ড, জেলা পরিষদ ময়মনসিংহ।

১১। অফিস নথি।

১৯/০৭/২০২৬

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ময়মনসিংহ।

২৭/০৭/২৬